



আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)

প্রতিরক্ষা মন্ত্রণালয়

ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।

ফোন: ৯৮৩৫৬৬১, ৮৭১১০৫৫ ফ্যাক্স: ৯৮৩৩৫৬২

www.ispr.gov.bd



সংবাদ বিজ্ঞপ্তি

নং ২৩.১৬.০০০০.০০৬.৪৩.০০৫.২৩

তারিখ: ৩১-০৮-২০২৩

বাংলাদেশ বিমান বাহিনীর ১২৩তম জুনিয়র কমান্ড ও স্টাফ কোর্সের সনদপত্র বিতরণ অনুষ্ঠান

কক্সবাজার, ৩১ আগস্ট :- বাংলাদেশ বিমান বাহিনীর ১২৩তম জুনিয়র কমান্ড ও স্টাফ কোর্স (জেসিএসসি) এর সনদপত্র বিতরণ অনুষ্ঠান ৩১ আগস্ট ২০২৩, বৃহস্পতিবার বাংলাদেশ বিমান বাহিনী ঘাঁটি কক্সবাজার-এ অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে বিমান বাহিনী প্রধান এয়ার চীফ মার্শাল শেখ আব্দুল হান্নান, বিবিপি, বিইউপি, এনএসডব্লিউসি, এফএডব্লিউসি, পিএসসি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষণ সমাপ্তকারী কর্মকর্তাদের সনদপত্র ও ট্রফি প্রদান করেন।

প্রধান অতিথি অনুষ্ঠানস্থলে এসে পৌঁছালে বিমান বাহিনী ঘাঁটি কক্সবাজার এর এয়ার অধিনায়ক এয়ার ভাইস মার্শাল এ কে এম মনিরুল বাহার, বিএসপি, এনডিসি, এইচডিএমসি, এএফডব্লিউসি, পিএসসি এবং কমান্ড ও স্টাফ ট্রেনিং ইনস্টিটিউট (সিএসটিআই) এর অধিনায়ক গ্রুপ ক্যাপ্টেন মোঃ নওশাদ ফাতেমী, পিএসসি তাঁকে স্বাগত জানান। অধিনায়ক, সিএসটিআই তার স্বাগত ভাষণে ১২৩তম জুনিয়র কমান্ড ও স্টাফ কোর্সের প্রশিক্ষণ ও শিক্ষা কার্যক্রমের উপর সংক্ষিপ্ত বিবরণ তুলে ধরেন। ১৩ সপ্তাহের এই কোর্সে বাংলাদেশ বিমান বাহিনীর ১৬ জন এবং রাজকীয় সৌদি বিমান বাহিনীর ০১ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণকে সার্ভিস, ইন্টার সার্ভিস এবং জয়েন্ট সার্ভিস পরিমন্ডলে কমান্ড ও স্টাফ দায়িত্ব পালনে পারদর্শী করে তুলতে এই কোর্সটি বিশেষভাবে সজ্জিত করা হয়েছে।

সূচনালগ্ন থেকেই জেসিএসসি উত্তীর্ণ কর্মকর্তাগণ তাদের অর্জিত কর্মলব্ধ জ্ঞান দ্বারা সশস্ত্র বাহিনীর বিভিন্ন পর্যায়ে কমান্ড, স্টাফ এবং নির্দেশমূলক দায়িত্ব পালনে সহায়তা করে আসছে। প্রধান অতিথি প্রশিক্ষণ সমাপ্তকারী সকল কর্মকর্তাদের মাঝে প্রশিক্ষণ সমাপনী সনদপত্র ও কোর্সে সেরা নৈপুণ্যের জন্য বাংলাদেশ বিমান বাহিনীর স্কোয়াড্রন লীডার মিজা মোহাম্মদ আশফাক, জিডি (পি) কে “বিমান বাহিনী প্রধানের ট্রফি” প্রদান করেন। প্রধান অতিথি তাঁর মূল্যবান ভাষণে উত্তীর্ণ সকল কর্মকর্তাকে দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন এবং এই কোর্সে অফিসার প্রেরণের জন্য সৌদি আরব সরকারকে ধন্যবাদ জানান। অনুষ্ঠানে বাংলাদেশ বিমান বাহিনীর উর্ধ্বতন কর্মকর্তাগণ, উক্ত প্রতিষ্ঠানের সামরিক ও বেসামরিক প্রশিক্ষকবৃন্দ এবং স্থানীয় সংসদ সদস্যসহ প্রশাসনের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

স্বাক্ষরিত/-

আয়শা ছিদ্দিকা

সহকারী তথ্য অফিসার

পরিচালকের পক্ষে

মোবাঃ ০১৭৬৯০১৭১৯৭



INTER SERVICES PUBLIC RELATION DIRECTORATE (ISPR)
MINISTRY OF DEFENCE
DHAKA CANTONMENT, DHAKA-1206
PHONE: 9835661, 8711055, FAX: 9833562
www.ispr.gov.bd



Press Release

নং ২৩.১৬.০০০০.০০৬.৪৩.০০৫.২৩

তারিখ: ৩১-০৮-২০২৩

CERTIFICATE AWARD CEREMONY OF NO 123 JUNIOR COMMAND AND STAFF COURSE

Cox's Bazar, 31 August : Certificate Award Ceremony of No 123 Junior Command and Staff Course (JCSC) held at Bangladesh Air Force Base Cox's Bazar on 31 August 2023, Thursday. Chief of Air Staff Air Chief Marshal Shaikh Abdul Hannan, BBP, BUP, nswc, fawc, psc has distributed certificates and trophy among the graduating officers as the 'Chief Guest'.

On his arrival, the Chief Guest was received by Air Officer Commanding of Bangladesh Air Force Base Cox's Bazar Air Vice Marshal A K M Manirul Bahar, BSP, ndc, hdmc, afwc, psc and Officer Commanding of Command and Staff Training Institute (CSTI) Group Captain Md Nawshad Fatemi, psc. In the opening address, Officer Commanding of CSTI gave a brief resume on the training and academic curriculums of No 123 JCSC. 16 officers from Bangladesh Air Force and 01 officer from Royal Saudi Air Force have undergone this 13-week-long course. The course is designed to train officers on effective command and staff duties within service, inter-service and joint service environment.

Since inception of JCSC, CSTI is committed to prepare future leaders of Armed Forces who can serve the nation with dignity and honour. The Chief Guest handed over the certificates to all graduating officers and awarded the **"Chief of Air Staff's Trophy"** to Squadron Leader Mirza Mohammad Ashfaque, GD (P) of Bangladesh Air Force for his overall best performance in the course. While addressing, the Chief Guest gave his valuable guidance for future assignments to the participating officers and thanked the government of Saudi Arabia for sending officers in this course. He added that command and staff skills which have been achieved in the course would also be of immense value in shouldering the future assignments. Senior officers of BAF, military and civil instructors of the institute and local Member of Parliament along with high officials of local civil administration were present in the occasion.

Signed/-
Aysha Siddiqua
Asstt.Information Officer
For Director, ISPR
Mobile -01769017197